



স্মারক নং- চমেবি/পনি/ফপূ/২০২৪/৪০৯

তারিখ: ১৩.০৬.২০২৪ইং

বিজ্ঞপ্তি

চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ২য় ও ৩য় বর্ষ বিএসসি ইন নার্সিং পরীক্ষা, ডিসেম্বর -২০২৩ইং পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের পরীক্ষার ফরম পূরণ ও ফি জমাদানের জন্য নিম্ন বর্ণিত তারিখ নির্ধারণ করা হলো-

ক) বিলম্ব ফি ছাড়া ফরম পূরণের অর্থ পে-অর্ডার করে জমাদানের সময়সূচী ২৬/০৬/২০২৪ইং হতে ০৪/০৭/২০২৪ইং দুপুর ২.০০ ঘটিকার মধ্যে বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব দপ্তরে জমা দিতে হবে।

খ) বিলম্ব ফি সহ ফরম পূরণের অর্থ পে-অর্ডার করে জমাদানের সময়সূচী ০৭/০৭/২০২৪ইং হতে ১০/০৭/২০২৪ইং দুপুর ২.০০ ঘটিকার মধ্যে বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব দপ্তরে জমা দিতে হবে।

উল্লেখ্য যে, পরীক্ষার হল পরিদর্শক টীমের সদস্যদের সম্মানী স্ব-স্ব কেন্দ্র হতে পরিশোধ করিবেন এবং কেন্দ্র ফি হতে সমন্বয় করবেন। তাহা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে পরীক্ষার পর অবহিত করবেন। পরীক্ষার সময়সূচী পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

বিতরণ:

অধ্যক্ষ, অধিভুক্ত সকল নার্সিং কলেজ।

স্বাক্ষর:

ডা. মোহাম্মদ দেলওয়ার হোসেন
পরীক্ষা নিয়ন্ত্রক
চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম

তারিখ: ১৩.০৬.২০২৪ইং

স্মারক নং- চমেবি/পনি/ফপূ/২০২৪/৪০৯

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. উপাচার্য মহোদয়ের দপ্তর, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
২. ডিন, নার্সিং অনুষদ ও মেডিকেল টেকনোলজী অনুষদ, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৩. রেজিস্ট্রার দপ্তর, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৪. পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম। (চমেবি ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৫. অর্থ ও হিসাব দপ্তর, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৬. শাখা কর্মকর্তা, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৭. অফিস কপি।

স্বাক্ষর:

আবু মো. মাসুদ
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম

স্বাক্ষর:



স্মারক নং- চমেবি/পনি/ফপু/২০২৪/৪৩০

তারিখ: ১৩.০৬.২০২৪ইং

অধ্যক্ষ/কেন্দ্র প্রধান
অধিভুক্ত সকল নার্সিং কলেজ

বিষয়ঃ ২য় ও ৩য় বর্ষ বিএসসি ইন নার্সিং পরীক্ষা, ডিসেম্বর -২০২৩ইং পরীক্ষার ফরম পূরণ ও ফি সমূহ নির্ধারণ নির্দেশিকা প্রসঙ্গে।

জনাব,

২য় ও ৩য় বর্ষ বিএসসি ইন নার্সিং পরীক্ষা, ডিসেম্বর -২০২৩ইং সালের পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ফরম পূরণ ফি ও নির্দেশিকা নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো-

ফরমপূরণ ফি সমূহের তালিকা সংযুক্তি

নিম্নোক্ত নিয়মাবলী অনুসারে ফরম পূরণ ও ফি জমা করতে হবে-

- ১। ফরম পূরণের টাকা সমূহ “ডিন (আন্ডার গ্র্যাজুয়েট)” চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম এর বরাবরে পে-অর্ডার / ব্যাংক ড্রাফট করে জমা দিতে হবে। উল্লেখ্য যে, ব্যাংক ড্রাফট সমূহ তিনটি আলাদা চেকে করতে হবে। যথাক্রমে- ১) পরীক্ষার ফি ২) নম্বরপত্রী ফি ৩) বিলম্ব ফি, রিটেনশন ফি, জরিমানা।
- ২। কারিকুলাম এর নির্দেশিকা অনুযায়ী যোগ্য শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ৩। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রেরিত ফরম ও প্রবেশপত্র পরীক্ষার্থীকে নিজ হস্তে পূরণ করতে হবে। ফরমের যথাস্থানে পরীক্ষার্থীর সদ্য তোলা ২ (দুই) কপি পার্সপোট সাইজের ছবি সংযুক্ত করতে হবে। ছবি অধ্যক্ষ মহোদয় এইরূপে সত্যায়িত করবেন যাতে স্বাক্ষরের কিছু অংশ ছবির উপর এবং কিছু অংশ ছবির বাহিরে প্রবেশ পত্রের উপর থাকে।
- ৪। ফরমে পরীক্ষার রোল নম্বরের ঘরটি খালি রাখতে হবে। (যা পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর কর্তৃক পূরণীয়)
- ৫। চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ব্যতীত কোন ছাত্র/ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- ৬। বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ‘নতুন ছক’ সংগ্রহ করে নিয়ম অনুযায়ী রোল শীট ইংরেজীতে নাম টাইপ করে উক্ত রোল শীটের প্রত্যেক পাতায় অধ্যক্ষ মহোদয়ের স্বাক্ষর ও নামসহ সীলমোহর প্রদান করে ৪ (চার) সেট পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় বরাবরে জমা দিতে হবে।
- ৭। ফরম পূরণ করে প্রেরণ করার সময় প্রস্তুতকৃত রোল শীটের সফট কপি ই-মেইলের মাধ্যমে প্রেরণ করবেন (ই-মেইল আইডি: examcmu@gmail.com) এবং উক্ত সফট কপি পেনড্রাইভ মাধ্যমে ফরম জমা দেওয়ার সময়ে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় বরাবর জমা দিবেন।
- ৮। ফরম পূরণের ক্ষেত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা কিংবা ফুইড ব্যবহার করা যাবে না।
- ৯। পরীক্ষায় অংশ গ্রহণের ব্যাপারে উপর্যুক্ততা যাচাইয়ের দায়িত্ব সম্পূর্ণরূপে কলেজ কর্তৃপক্ষের উপর ন্যস্ত থাকবে।

বিঃ দ্রঃ ১। প্রত্যেক পরীক্ষার্থীর কেন্দ্র ফি কলেজ কর্তৃপক্ষ একাডেমিক কাউন্সিল কর্তৃক নির্ধারণ করবেন।

- ২। পরীক্ষার কেন্দ্র ফি লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা পরিচালনার জন্য ব্যয় করবেন।
- ৩। পরীক্ষার কেন্দ্র ফি এর পরিমাণ এবং খরচাদি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে পরীক্ষা শেষে অবহিত করবেন।

ডা. মোহাম্মদ দেলওয়ার হোসেন
পরীক্ষা নিয়ন্ত্রক
চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম